**No.F.2(746)-DHE/GTCA/2023(L – I)**
**Education (Higher) Department**
**Government of Tripura**

## বিজ্ঞপ্তি

## "Mukhyamantri Konya Atmonirbhor Yojana" প্রকল্প

২০২৪-২৫ইং শিক্ষাবর্ষে উচ্চশিক্ষা দপ্তরের অধীন রাজ্যের ২৫টি সাধারন ডিগ্রী কলেজে প্রথম বর্ষে ভর্তি হওয়া মেধাবী কলেজগামী ছাত্রীদের উচ্চশিক্ষার সুবিধার্থে **"Mukhyamantri Konya Atmonirbhor Yojana"**(MKAY)-প্রকল্পে দপ্তর কর্তৃক বিনামূল্যে স্কুটি (Scooty) প্রদান করা হবে। দপ্তর রাজ্যের ঐ ২৫টি সাধারন ডিগ্রী কলেজের অধ্যক্ষ / ভারপ্রাপ্ত অধ্যক্ষের মাধ্যমে কলেজে ২০২৪-২৫ইং শিক্ষাবর্ষে প্রথম বর্ষে ভর্তি হওয়া পাঠরত মেধাবী ছাত্রীদের বৈধ কাগজপত্র সহ প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে পরীক্ষা নিরীক্ষা করে উপযুক্ত মেধাবী ছাত্রীদের ঐ প্রকল্পে উপযুক্ত প্রার্থী হিসাবে নির্বাচিত করা হবে।

<u>আবেদন করার পদ্ধতি নিম্নে দেওয়া হলঃ</u>

- ত্রিপুরার যেকোন সরকারি স্কুল থেকে ন্যূনতম ৮০% নম্বর সহ ২০২৪- ২৫ইং শিক্ষাবর্ষে H.S.(+2) পাস আউট (TBSE/CBSE affiliated Govt. School & Govt. aided School in Tripura) ছাত্রীরা, যারা বর্তমানে রাজ্যের উচ্চশিক্ষা দপ্তর দ্বারা পরিচালিত ২৫টি সাধারণ ডিগ্রী কলেজের যেকোনো একটিতে পাঠরতা এবং যাদের পারিবারিক বার্ষিক আয় ৮ লাখ টাকার কম, তারা উচ্চশিক্ষা দপ্তর কর্তৃক দেওয়া ফর্মেট অনুযায়ী নিজ নিজ কলেজের অধ্যক্ষ / ভারপ্রাপ্ত অধ্যক্ষের নিকট হইতে সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজ-পত্র (ফটোকপি) সহ আবেদন করতে পারবে ২৭শে মে ২০২৫ ইং তারিখের মধ্যে।

**বিঃদ্রঃ-** বিস্তারিত বিবরণের জন্য উচ্চশিক্ষা দপ্তর, শিক্ষা ভবন, অফিসলেন, আগরতলা-এ যোগাযোগ করা যেতে পারে অথবা দপ্তরের **website (https://higher education.tripura.gov.in)**-এ দেখা যেতে পারে অথবা **(০৩৮১)-২৩১-৪৪০২** টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

অধিকর্তা
উচ্চশিক্ষা দপ্তর, অফিস লেন
আগরতলা, ত্রিপুরা (পঃ)

Scanned with OKEN Scanner